

অধিদপ্তরের মাধ্যমে ২৪.৬১ কোটি টাকা অর্থায়নে সাভারের আশুলিয়ায় কর্মজীবী নারী বিশেষত গার্মেন্টেস এ কর্মরত নারী শ্রমিকদের আবাসনের জন্য ৩৮৮ সিট বিশিষ্ট ১২তলা মহিলা হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে।

- বৈপজার মাধ্যমে ২৫.২৪ কোটি টাকায় মোংলা ইপিজেড-এর বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত নারী শ্রমিকদের আবাসনের জন্য ১০০৮ সিট বিশিষ্ট ৪তলা হোস্টেল ভবন নির্মাণ করা হয়েছে।



ছবি: গৃহায়ন তহবিলের অর্থায়নে মোংলা ইপিজেডের নারী শ্রমিকদের জন্য নির্মিত ডরমিটরি ভবন

- বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে ১.০০ কোটি টাকা ব্যয়ে ‘ঘরে ফেরা কর্মসূচি’র আওতায় ২০০টি পরিবারকে গৃহায়ন সুবিধা প্রদান করা হয়েছে।



মেলায় প্রদর্শিত
সকল লিফলেট
পেতে স্ক্যান করুন



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন তহবিল

ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট

সেনা কল্যাণ ভবন (৪র্থ তলা), বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা-১০০০।

ফোন: ০১৩৩৯-৮৬৩৫৬৯, ই-মেইল: gm.gtfnu@bb.org.bd

ওয়েবসাইট: www.gtfnu.portal.gov.bd



দেশের দরিদ্র, অসহায় বিশেষ করে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠী, নদী ভাঙ্গন, বন্যা, ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠী বাসযোগ্য গৃহের অভাবে মানবের জীবনযাপন করে। প্রাতিষ্ঠানিক ঋণ সুবিধাবঞ্চিত এ জনগোষ্ঠীর পক্ষে ন্যূনতম চাহিদানুযায়ী একটি নিরাপদ গৃহ নির্মাণের জন্য এককালীন প্রয়োজনীয় অর্থের সংস্থান করা অত্যন্ত কষ্টসাধ্য। এ পরিস্থিতিতে সুবিধাবঞ্চিত পরিবারসমূহের বাসস্থান নির্মাণের লক্ষ্যে সরকারের একটি কল্যাণমুখী পদক্ষেপ হলো গৃহায়ন তহবিলের ঋণ কর্মসূচি, যা পরিচালিত হয় মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গঠিত স্টিয়ারিং কমিটির প্রত্যক্ষ তত্ত্বাবধানে। অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন অনুযায়ী বাংলাদেশ ব্যাংক গৃহায়ন তহবিলের সাচিবিক সহায়তা, ফান্ডের তত্ত্বাবধান এবং হিসাব সংরক্ষণ করে থাকে।



ছবি: গৃহায়ন তহবিলের অর্থায়নে নির্মিত গৃহ

গৃহায়ন তহবিল পরিচালনার স্টিয়ারিং কমিটির গঠন নিম্নরূপ :

- | | |
|---|----------|
| (১) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | - সভাপতি |
| (২) গভর্নর, বাংলাদেশ ব্যাংক | - সদস্য |
| (৩) সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | - সদস্য |
| (৪) সিনিয়র সচিব/সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | - সদস্য |

- | | |
|--|--------------|
| (৫) সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ | - সদস্য |
| (৬) সিনিয়র সচিব/সচিব, ভূমি মন্ত্রণালয় | - সদস্য |
| (৭) সিনিয়র সচিব/সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | - সদস্য |
| (৮) সিনিয়র সচিব/সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয় | - সদস্য |
| (৯) সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (১০) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | - সদস্য |
| (১১) এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোফ্রেডিট রেগুলেটরী অথরিটি | - সদস্য |
| (১২) ২ জন এনজিও প্রতিনিধি (স্টিয়ারিং কমিটি কর্তৃক মনোনীত) | - সদস্য |
| (১৩) নির্বাহী পরিচালক, বাংলাদেশ ব্যাংক | - সদস্য সচিব |

গৃহায়ন তহবিলের লক্ষ্য :

দেশের সকল গৃহহীন মানুষের আবাসন নিশ্চিত করা।



ছবি: গৃহায়ন তহবিলের অর্থায়নে নির্মিত গৃহ

উদ্দেশ্য :

সমাজের সুবিধাবঞ্চিত, পিছিয়ে পড়া ও স্বল্প আয়ের দরিদ্র জনগোষ্ঠীর নিরাপদ বাসস্থান তৈরীর জন্য স্বল্পসুদে ঋণ প্রদানের ব্যবস্থা করা।

গৃহায়ন তহবিলের ফান্ড :

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ২০০৫-২০০৬ অর্থবছর পর্যন্ত বিভিন্ন ধাপে

সর্বমোট ১৬০.৫০ কোটি টাকা মূলধন সরবরাহ করা হয়। Revolving প্রক্রিয়ায় বিনিয়োগের মাধ্যমে বর্তমানে এ ফান্ডের স্থিতি প্রায় ৫০০ কোটি টাকায় উন্নীত হয়েছে। গৃহায়ন তহবিলের ঋণ কার্যক্রম বাস্তবায়ন করা হয় এমআরএ’র সনদপ্রাপ্ত তালিকাভুক্ত এনজিও/এমএফআই এর মাধ্যমে। বর্তমানে ২৮০টি নিয়মিত এনজিও’র মাধ্যমে দেশব্যাপী এ ঋণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এ তহবিল হতে সর্বমোট ৭৬৪.০৯ কোটি টাকা ঋণসুবিধা প্রদানের মাধ্যমে ১,০৯,৩৯১টি পরিবারকে নিরাপদ গৃহের সংস্থান করা সম্ভব হয়েছে। এ ঋণের আদায় হার ৯৫.২০%।

গৃহায়ন তহবিলের ঋণ যাদের জন্য :

- সমাজের সুবিধাবঞ্চিত, পিছিয়ে পড়া ও স্বল্প আয়ের দরিদ্র জনগোষ্ঠী;
- যাদের ঘর তৈরি করার মতো নিজস্ব জমি আছে কিন্তু ঘর নেই/ঘর বসবাসের অনুপযোগী/জরাজীর্ণ;
- যাদের ঋণ পরিশোধের আর্থিক সক্ষমতা আছে; এবং
- সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা।

ঋণের সিলিং :

গৃহ প্রতি ঋণ সিলিং ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা।

গৃহের নকশা ও আয়তন :

- গৃহের নকশা : সেমিপাকা (অঞ্চলভেদে ভিটি পাকাসহ টিনের বেড়া) চৌচালা আবাসিক গৃহ;
- আয়তন : ৩০০-৩৫০ বর্গফুট;
- নির্মিত গৃহের সাথে উপকারভোগীর সুবিধামত স্থানে আবশ্যিকভাবে একটি স্যানিটারি ল্যাট্রিন এনজিও কর্তৃক নির্মাণ।

ঋণের সুদ হার :

- এনজিও/এমএফআই পর্যায়ে ১.৫% সরল সুদ;
- মার্চ পর্যায়ে ঋণগ্রহীতা/উপকারভোগী পর্যায়ে ৫.৫% সরল সুদ;
- সুদচার্জ হিসাবায়ন হয় ক্রমহ্রাসমান স্থিতি পদ্ধতিতে।

ঋণের মেয়াদ :

- সর্বোচ্চ ৭ বছর।

গ্রেস পিরিয়ড :

- এনজিও/এমএফআই পর্যায়ে কিস্তি ছাড়ের পর ৬ মাস;
- উপকারভোগী পর্যায়ে ঋণের কিস্তি ছাড়ের তারিখ হতে পরবর্তী ৩ মাস;
- গ্রেস পিরিয়ড চলাকালে কিস্তি আদায় বন্ধ থাকলেও সুদারোপ অব্যাহত থাকে।

কিস্তি পরিশোধের ধরন :

- উপকারভোগী পর্যায়ে সাপ্তাহিক অথবা মাসিক কিস্তিতে;
- এনজিও/এমএফআই পর্যায়ে ঋণায়িক কিস্তিতে।

গৃহায়ন তহবিলের অন্যান্য কার্যক্রম :

- গৃহ নির্মাণ কার্যক্রম ছাড়াও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা বিষয়ক



ছবি: গৃহায়ন তহবিলের অর্থায়নে সাভারের আশুলিয়ায় নির্মিত মহিলা হোস্টেল ভবন